# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

স্মারক নং- তারিখ .........................

## ভর্তি বিজ্ঞপ্তি

(এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./এম.ফিল ও পি-এইচ.ডি প্রোগ্রাম)

অত্র বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামে (এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./এম.ফিল ও পি-এইচ.ডি) **জানুয়ারী-২০১৯ইং** সেমিস্টারে **সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং, লেদার ইঞ্জিনিয়ারিং, গণিত, রসায়ন এবং পদার্থ বিজ্ঞান বিভাগে** ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। আবেদন ফরমের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২। (ক) পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে এম. ইঞ্জিনিয়ারিং/এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং/এমইউআরপি/৪ বছরের বি.এস-সি. (সম্মান)সহ এম.এস-সি/এম.ফিল বা এর সমতূল্য ডিগ্রী থাকতে হবে। এম. ইঞ্জিনিয়ারিং/এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং/এমইউআরপি/৪ বছরের বি.এস-সি. (সম্মান)সহ এম.এস-সি/এম.ফিল বা এর সমতূল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

(খ) এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতূল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস-সি. ও এইচ.এস-সি. তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে। বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা এর সমতূল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

(গ) এমইউআরপি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বিইউআরপি বা এর সমতূল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বিইউআরপি ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস-সি. ও এইচ.এস-সি. তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে। বিইউআরপি বা এর সমতূল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

(ঘ) এম.এস-সি প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিষয়ে ৪ বছরের বি.এস-সি (সম্মান) বা এর সমতূল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই ৪ বছরের বি.এস-সি. (সম্মান) ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস-সি. ও এইচ.এস-সি. তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে। ৪ বছরের বি.এস-সি (সম্মান) বা এর সমতূল্য ডিগ্রীর সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

(ঙ) এম.ফিল প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর বা এর সমতূল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বি.এস-সি (সম্মান/পাস) এবং এম. এস-সি উভয় ডিগ্রীতে কমপক্ষে ২য় শ্রেণী/ CGPA 2.65 (Out of 4.00) থাকতে হবে। স্নাতকোত্তর বা এর সমতূল্য ডিগ্রীর সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

৩। চাকুরীরত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ আবেদন করতে হবে।

৪। আগামী **২২/১০/২০১৮ইং** হতে **০৮/১১/২০১৮ইং** তারিখ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার মাধ্যমে (টাকা জমা রশিদে শিক্ষাশাখা কর্তৃক স্বাক্ষরের পর) আবেদন ফরম বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় জমা দিয়ে জমা রশিদের বিনিময়ে শিক্ষা শাখা হতে আবেদন ফরম সংগ্রহ করা এবং জমা দেওয়া যাবে।

৫। আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর অন্য যে কোন জনতা ব্যাংক লিঃ এর শাখা হতে জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা এর উপর ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা **শিক্ষা শাখা হতে ফি জমা রশিদের মাধমে (শিক্ষা শাখা কর্তৃক স্বাক্ষরের পর)** নগদ ২০০/-(দুইশত) টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় জমা দিয়ে জমা রশিদ সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এ বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৬। আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ **০৮/১১/২০১৮ইং** ।

৭। প্রার্থী উল্লিখিত বিভাগগুলোতে বর্ণিত প্রোগ্রাম সমূহে **পূর্ণ বা খন্ডকালীন** ছাত্র/ছাত্রী হিসেবে ভর্তি হতে পারবে।

৮। শুধুমাত্র পূর্ণকালীন ও অধিকতর যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিয়মানুযারী টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Teaching Assistantship) প্রদান করা হবে। এজন্য ভর্তির পর পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।

৯। আগামী **১৮/১১/২০১৮ইং** তারিখ রোজ **রবিবার** বিকাল ৩:০০ ঘটিকায় প্রার্থী নির্বাচনের জন্য লিখিত/মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রার্থীকে অত্র বিশ্ববিদ্যালয়ের স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানের অফিসে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে।

১০। আগামী **২৮/১১/২০১৮ইং** তারিখ রোজ **বুধবার** চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।

১১। নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ফিস পরিশোধান্তে আগামী **০২/১২/২০১৮ইং হতে ২০/১২/২০১৮ইং** তারিখের মধ্যে ভর্তি হতে হবে এবং রেজিস্ট্রেশন করতে হবে।

স্বাক্ষরিত/-
০৩/১০/২০১৮
(জি. এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/১০৪৯/২০০ তারিখ ঃ ০৪/১০/২০১৮ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, সকল ইনস্টিটিউট, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক (আইআইসিটি), বিজ্ঞপ্তিটি অনলাইনে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়।
৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সকল শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৭। রেজিস্ট্রার, ..........................................................................................।
৮। অধ্যক্ষ, ..........................................................................................।
৯। প্রধান প্রকৌশলী, ..........................................................................................।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, ..........................................................................................।
১১। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। ভিসি মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ।
১২। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
১৩। অফিস নথি।

(সেখ আক্কাছ আলী)
ডেপুটি রেজিস্ট্রার